রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৬**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা**

**আদেশ**

তারিখ, ৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৪-আইন/২০১৬।**—বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি ৮ এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এর বিধি ৫(৬) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, রাষ্ট্রপতির অনুমোদনক্রমে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ বিষয়ক আদেশ, ২০০৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশ এর—

(১) অনুচ্ছেদ ৪ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত ''কুইজ (Quiz) ধরনের প্রশ্নোত্তরের ভিত্তিতে গ্রহণ করা হইবে'' শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে ''MCQ (Multiple Choice Question) পদ্ধতিতে গ্রহণ করা হইবে এবং উক্ত পরীক্ষায় মোট ১০০টি MCQ থাকিবে ও প্রতিটি MCQ এর মান হইবে ১ (এক) নম্বর, তবে প্রতিটি MCQ এর ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হইবে'' শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি, কমা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত ''৫৫% নম্বর'' সংখ্যা, চিহ্ন ও শব্দের পরিবর্তে ''৫০% নম্বর'' সংখ্যা, চিহ্ন ও শব্দ প্রতিস্থাপিত হইবে;



**মূল্য** ঃ টাকা ৮.০০

(২) অনুচ্ছেদ ৫ এর—

(ক) উপ-অনুচ্ছেদ (২) এর দফা (ক) এর—

(অ) উপ-দফা (২) এ উল্লিখিত ''৪০০ নম্বর'' সংখ্যা ও শব্দের পরিবর্তে ''৫০০ নম্বর'' সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) উপ-দফা (৩) এ উল্লিখিত ''২০০ নম্বর'' সংখ্যা ও শব্দের পরিবর্তে ''১০০ নম্বর'' সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত ''দুইটি'' শব্দের পরিবর্তে ''একটি'' শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৩) অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

''(২) কোন প্রার্থী লিখিত পরীক্ষার কোন বিষয়ে ৩০% এর কম নম্বর পাইলে তিনি লিখিত পরীক্ষায় অকৃতকার্য বলিয়া গণ্য হইবেন।'';

(৪) ১ম তফসিল এর পরিবর্তে নিম্নরূপ ১ম তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

'' **১ম তফসিল**

(অনুচ্ছেদ ৫ দ্রষ্টব্য)

[ সহকারী জজ পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়সমূহ ]

**প্রথম ভাগ**

**আবশ্যিক সাধারণ বিষয়সমূহ**

মোট নম্বর—৪০০

| ক্রমিক নং | বিষয়ের নাম | | পূর্ণমান |
|---|---|---|---|
| ১। | **সাধারণ বাংলা** ........................................................................ | | ১০০ |
| ২। | **সাধারণ ইংরেজি** ................................................................... | | ১০০ |
| ৩। | **বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ :** ........................................... | | ১০০ |
| | **ক.** বাংলাদেশ বিষয়সমূহ ....................................... | ৫০ | |
| | **খ.** আন্তর্জাতিক বিষয়সমূহ .................................... | ৫০ | |
| ৪। | **সাধারণ গণিত ও দৈনন্দিন বিজ্ঞান :** ................................................ | | ১০০ |
| | **ক.** সাধারণ গণিত (এস,এস,সি পর্যন্ত আবশ্যিক গণিত)...... | ৫০ | |
| | **খ.** দৈনন্দিন বিজ্ঞান ............................................. | ৫০ | |

## দ্বিতীয় ভাগ

## আবশ্যিক আইন বিষয়সমূহ

মোট নম্বর—৫০০

| ক্রমিক নং | বিষয়ের নাম | পূর্ণমান |
|---|---|---|

১। **দেওয়ানী মামলা সংক্রান্ত আইন :** ................................................ **১০০**

- **ক.** The Code of Civil Procedure, 1908 ........................ ৪০
- **খ.** The Specific Relief Act, 1877 ................................
- **গ.** The Limitation Act, 1908 ......................................
- **ঘ.** The Civil Courts Act, 1887 .................................... } ৬০
- **ঙ.** The Court-Fees Act, 1870 & The Suits Valuation Act, 1887
- **চ.** বিকল্প বিরোধ নিষ্পত্তির ধারণা ও এতদ্‌সংক্রান্ত আইন ............

২। **অপরাধ সংক্রান্ত আইন :** .......................................................... **১০০**

- ক. The Code of Criminal Procedure, 1898 ............. **৪০**
- খ. The Penal Code, 1860............................. **৩০**
- গ. Special Laws ...................................... **৩০**
  - (১) The Special Powers Act, 1974
  - (২) The Arms Act, 1878
  - (৩) আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২
  - (৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০
  - (৫) The Negotiable Instruments Act, 1881

৩। **পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন :** ........................................... **১০০**

- ক. মুসলিম আইন....................................................... **৪০**
- খ. হিন্দু আইন.......................................................... **২০**
- গ. অন্যান্য আইন ..................................................... **৪০**
  - (১) The Family Courts Ordinance, 1985
  - (২) The Muslim Family Laws Ordinance, 1961
  - (৩) The Guardians and Wards Act, 1890
  - (৪) পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০
  - (৫) The Dowry Prohibition Act, 1980

৪। **সাংবিধানিক আইন, জেনারেল ক্লজেস্ এ্যাক্ট ও সাক্ষ্য আইন :** ................ **১০০**

- ক. সাংবিধানিক আইন ..................................................
- খ. The General Clauses Act, 1897 ............................ } ৫০
- গ. The Evidence Act, 1872 ...................................... **৫০**

**৫। ভূমি, চুক্তি, রেজিস্ট্রেশন, সম্পত্তি হস্তান্তর ও অন্যান্য আইন : ................. ১০০**

| | | |
|---|---|---|
| ক. | The Transfer of Property Act, 1882 ...................... | ৫০ |
| খ. | The Contract Act, 1872...................................... | |
| গ. | The State Acquisition and Tenancy Act, 1950 ............. | ৫০ |
| ঘ. | The Non-Agricultural Tenancy Act, 1949 ..................... | |
| ঙ. | The Registration Act, 1908 ........................................ | |
| চ. | The Small Cause Courts Act, 1887........................... | |
| ছ. | বাড়ী ভাড়া নিয়ন্ত্রণ আইন, ১৯৯১ ................................. | |

## তৃতীয় ভাগ
## ঐচ্ছিক আইন বিষয়সমূহ

মোট নম্বর—১০০

[ নিম্নবর্ণিত বিষয়গুলির মধ্য হইতে যে কোন **একটি** বিষয় নির্বাচন করিতে হইবে ]

| ক্রমিক নং | বিষয়ের নাম | পূর্ণমান |
|---|---|---|

**১। শিশু, নারী, পরিবেশ ও আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত আইন : ................ ১০০**

| | | |
|---|---|---|
| ক. | শিশু আইন, ২০১৩ .................................................. | ৩০ |
| খ. | নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ ........................ | ৩০ |
| গ. | পরিবেশ ও আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত আইন ........... | ৪০ |

**অথবা**

**২। দুর্নীতি দমন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, মানব পাচার প্রতিরোধ ও অর্থঋণ সংক্রান্ত আইন : ...... ১০০**

| | | |
|---|---|---|
| ক. | দুর্নীতি দমন সংক্রান্ত আইন............................................... | ৪০ |
| খ. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ .............................. | ২০ |
| গ. | মানব পাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২ ....................... | ৪০।” |
| ঘ. | অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ ...................................... | |

।

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের আদেশক্রমে

**পরেশ চন্দ্র শর্ম্মা**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd